

20 গি.এম

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রশ্নপত্র আবারো ফাঁস : রংপুরে ফটোকপি বিক্রি

পীরগাছা উপজেলা সংবাদদাতা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত অনার্স দ্বিতীয় বর্ষের গতকাল বুধবারের ব্যবসায়িক
গণিত বিষয়ের পরীক্ষার প্রশ্নপত্র আবারো ফাঁস হয়েছে। গতকাল (বুধবার) জাতীয়
বিশ্ববিদ্যালয়ের অধীনে ব্যবস্থাপনা ও হিসাববিজ্ঞান বিভাগের অনার্স দ্বিতীয় বর্ষের স্বাবসায়
গণিত বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগে গত মঙ্গলবার সন্ধ্যায়
রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের লালবাগ, পার্কের মোড়, কলেজপাড়া
আদর্শপাড়াসহ আশপাশের ছাত্রাবাসগুলোতে একটি চক্র

৭ঃ ৫ঃ কঃ ৩

আবারো জাতীয় বিশ্ববিদ্যালয়ের

১২-এই পৃষ্ঠার পর

হাতে লেখা প্রশ্নপত্রের ফটোকপি ৫৭' থেকে ১
হাজার টাকা পর্যন্ত বিক্রি করেছে। গতকাল বুধবার
ওই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর দেখা যায় মঙ্গলবার
সন্ধ্যায় পাওয়া প্রশ্নপত্রের ফটোকপির সঙ্গে এই
প্রশ্নপত্রের মিল রয়েছে। এদিকে রংপুর
কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের পরীক্ষার্থীরা
সরকারী বেথুন রোডের কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে
দিয়ে লেখা আগের সালের প্রশ্নপত্রের সাথে এ প্রশ্নপত্র
মিল রয়েছে। ফলে সংশ্লিষ্ট শিক্ষার্থীরা বুধবার
প্রশ্নপত্র ফাঁস হওয়ার ক্ষেত্রে প্রকাল করে পরীক্ষা শুরু
হওয়ার ১ ঘণ্টা পর কেন্দ্রে থেকে বেরিয়ে আসেন।